

78

**উচ্চতর বেতন স্কেল না দিলে  
সরকারী কলেজ শিক্ষকরা  
আন্দোলনে যাবেন**

আগামী ৭ দিনের মধ্যে শতকরা ২০ ভাগ  
কোটায় পদোন্নতিযোগ্য প্রভাষক, সহকারী  
অধ্যাপক এবং সহযোগী অধ্যাপকদের  
পরবর্তী পদে পদোন্নতি এবং পরবর্তী উচ্চতর  
বেতন স্কেল প্রদান করা না হলে ২৪  
ঘণ্টার নোটিশে সরকারী কলেজ অধ্যাপক ও  
প্রভাষক সমিতি যৌথভাবে বৃহত্তর  
আন্দোলনের কর্মসূচী ঘোষণা করবে বলে  
সমিতির এক বিবৃতিতে বলা হয়েছে।  
বিবৃতিতে বলা হয়, আগামীকাল (৮  
জানুয়ারী) সরকারী আনন্দ মোহন  
বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষক মিলনায়তনে  
অনুষ্ঠিত প্রভাষকদের সম্মেলনে সভায় সমিতির  
সভাপতি অধ্যাপক কামাল আতউর রহমান  
পরবর্তী কর্মসূচী ঘোষণা করবেন। প্রেস  
বিজ্ঞপ্তি।